



আবু সাঈদ হত্যা মামলায় ট্রাইব্যুনালে আজ সাক্ষ্য দেবেন হাসনাত আবদুল্লাহ



সংগৃহীত ছবি

জুলাই গণ-অভ্যুত্থানের প্রথম শহীদ আবু সাঈদ হত্যাকাণ্ডের মানবতাবিরোধী অপরাধ মামলায় আজ আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এ ২২ নম্বর সাক্ষী হিসেবে জবানবন্দী দেবেন এনসিপি নেতা হাসনাত আবদুল্লাহ। মামলার ৩০ আসামির মধ্যে ছয়জন গ্রেপ্তার হয়েছেন।

জুলাইয়ের গণ-অভ্যুত্থানে নিহত বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদ হত্যাকাণ্ডের মানবতাবিরোধী অপরাধ মামলায় আজ নতুন সাক্ষ্য গ্রহণ অনুষ্ঠিত হবে। রাষ্ট্রপক্ষের ২২ নম্বর সাক্ষী হিসেবে হাজির হবেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ।

মঙ্গলবার (৯ ডিসেম্বর) সকাল ১০টার পর আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২-এর চেয়ারম্যান বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের প্যানেলে তার জবানবন্দী গ্রহণ শুরু হবে। প্যানেলের অন্য সদস্যরা হলেন অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ মো. মঞ্জুরুল বাছিদ ও জেলা ও দায়রা জজ নূর মোহাম্মদ শাহরিয়ার কবীর।

এ মামলায় বেরোবির সাবেক ভিসি হাসিবুর রশীদসহ মোট ৩০ জনকে আসামি করা হয়েছে। বর্তমানে গ্রেপ্তার হয়েছেন ছয়জন— এএসআই আমির হোসেন, বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রিন্টর শরিফুল ইসলাম, কনস্টেবল সুজন চন্দ্র রায়, ছাত্রলীগ নেতা ইমরান চৌধুরী, রাফিউল হাসান রাসেল ও আনোয়ার পারভেজ।

২৭ নভেম্বর ২১ নম্বর সাক্ষীর জেরা শেষে আজকের দিনটি সাক্ষ্যগ্রহণের পরবর্তী তারিখ হিসেবে নির্ধারণ করে ট্রাইব্যুনাল।